" শেখ হাসিনা উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ "


বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোনঃ +৮৮ ০২ ৮৯০০৩১০, ৮৯০০৫১০
e-mail: cepbreb@gmail.com


স্মারক নং-২৭.১২.২৬৩৭.০০৮.০৬.০০৫.১৭.৩২

তারিখঃ ২৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ।
১২ জুলাই ২০১৭ খ্রষ্টাব্দ।

**বিষয় ঃ বাপবিবোর্ডের বৈদ্যুতিক লাইন ও উপকেন্দ্র নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীগণের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরনী।**

সূত্র ঃ প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.০০৮.০৬.০০৫.১৭/০৫;তারিখঃ ০৩.৭.২০১৭খ্রিঃ

বাপবিবোর্ডের লক্ষমাত্রা বাস্তবায়ন ও আনুষঙ্গিক বিষয়ে বৈদ্যুতিক লাইন ও উপকেন্দ্র নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীগণের সাথে নিম্নবর্ণিত সভা অনুষ্ঠিত হয় ঃ

**সভাপতি ঃ মেজর জেনারেল মঈন উদ্দিন, চেয়ারম্যান, বাপবিবোর্ড।**
**স্থান ঃ ব্রিগেডিয়ার সবিহ্ উদ্দিন আহমেদ হল,**
**সদর দপ্তর ভবন (২য় তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।**
**তারিখ ঃ ০৫ জুলাই, ২০১৭ খ্রিঃ, বুধবার।**
**সময় ঃ বিকাল ৫ঃ০০ ঘটিকা।**
**উপস্থিতি ঃ পরিশিষ্ট-'ক' এ সংযুক্ত।**

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে প্রধান প্রকৌশলী (প্রকল্প) কর্তৃক বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের তথ্য উপস্থাপিত হয়। এরপর সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) কর্তৃক আলোচনা শুরু করা হয়।

২.০॥ **আলোচনা ঃ**

২.১॥ আলোচনার শুরুতে সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) কর্তৃক ২০১৬-১৭ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৬,৫৫৪ কিঃমিঃ লাইন এবং ৭০ টি উপকেন্দ্র (৭৯৫ এমভিএ) নির্মাণের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। পাশাপাশি, চলতি ২০১৭-১৮ অর্থ বছরে ৫০ হাজার কিলোমিটার লাইন নির্মাণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের আহ্বান জানানো হয়। এ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দৈনিক গড়ে ১৫০ কিলোমিটার লাইন নির্মাণ করতে হবে; অর্থাৎ দৈনিক গড়ে ৩০০০ টি পোল স্থাপন করতে হবে। এজন্য প্রত্যেকটি ঠিকাদারী প্রতিষ্ঠানকে Comprehensive Plan করতে হবে। প্রতিটি চুক্তির বিপরীতে একাধিক গ্রুপে লোকবল নিয়োজিত করতে হবে। এ বছর প্রয়োজন অনুসারে মালামাল প্রদান করা সম্ভব হবে-মর্মে তিনি সভায় অবহিত করেন।

২.২॥ এরপর, নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আলোচনার শুরুতে ২০১৬-১৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলকে পূণরায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া, স্বল্প সময়ের নোটিশে সন্তোষজনক উপস্থিতি, ১.৮ এমসিসিপি এবং আরইউপি প্রকল্পের ৩০.০৬.২০১৭ খ্রিঃ-এ সমাপ্তি, দুর্নীতিবিরোধী প্রচারনা ইত্যাদি কাজের জন্যও ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোকে ধন্যবাদ জানানো হয়।

২.৩॥ চলতি ২০১৭-১৮ অর্থবছরে ৫০ হাজার কিলোমিটার লাইন নির্মাণ করতে হবে। এজন্য সক্ষমতা অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোকে কাজ নিতে হবে। কাজের যথাযথ Work Plan করতে হবে। খরা, বন্যা, হরতাল ইত্যাদি থাকবে। এর মধ্যেই লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন মোতাবেক অনুকুল আবহাওয়ার সুযোগে কাজ এগিয়ে নিতে হবে।

২.৪॥ ৩০ জুন ২০১৮ খ্রিঃ-এ ৭টি প্রকল্প সমাপ্ত হবে। তন্মধ্যে ০২ টি প্রকল্পে (২.৫ এমসিসিপি এবং ৭০,০০০ ওএলডিটি) নির্মাণ ঠিকাদারের সংশ্লিষ্টতা নেই। অবশিষ্ট ০৫ টি প্রকল্পের [(1) REE-DDP-II (2) REE-CSDP-II (3) REE-RRDP-II (4) REE-KDP-II (5) REE-BDP-II] সকল নির্মাণ কাজ এপ্রিল ২০১৮ এর মধ্যে সম্পন্ন করে জুন ২০১৮ এর মধ্যে সকল বিল নিস্পন্ন করতে হবে।

২.৫॥ ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোর পক্ষ হতে চুক্তির সময়সীমা বৃদ্ধি না করার বিষয়ে প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর কর্তৃক জারীকৃত সার্কুলার প্রত্যাহারের অনুরোধ জানানো হয়। এছাড়া, বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা মওকুফের অনুরোধ জানানো হয়। বিভিন্ন পবিস হতে তাদের নিরাপত্তা জামানতের অর্থ অবমুক্তকরণের ছাড়পত্র পেতে বিলম্ব হচ্ছে-মর্মে তারা সভায় অবহিত করেন। এ প্রেক্ষিতে নিরাপত্তা জামানতের অর্থ যথাসম্ভব দ্রুত অবমুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করাসহ সময়সীমা বৃদ্ধি এবং শাস্তিমূলক ব্যবস্থা মওকুফের বিষয়ে যৌক্তিক সিদ্ধান্ত গ্রহণ করা হবে-মর্মে সভায় অবহিত করা হয়।

৩.০॥ **সিদ্ধান্ত ঃ** সার্বিক পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| সিদ্ধান্ত | | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.১॥ | ২০১৭-১৮ অর্থবছরে ৫০ হাজার কিলোমিটার বৈদ্যুতিক লাইন নির্মাণের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | ঠিকাদারী প্রতিষ্ঠান;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/<br>জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>প্রকল্প পরিচালক। |
| ৩.২॥ | মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন মোতাবেক অনুকুল আবহাওয়ার সুযোগ কাজে লাগিয়ে প্রকল্প বাস্তবায়ন কাজ এগিয়ে নিতে হবে। | ঠিকাদারী প্রতিষ্ঠান;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/<br>জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>প্রকল্প পরিচালক। |
| ৩.৩॥ | ঠিকাদারী প্রতিষ্ঠানগুলো তাদের স্ব-স্ব প্রতিষ্ঠানের সামর্থ্য অনুসারে কাজ নেবেন। সামর্থ্যের অতিরিক্ত কাজের জন্য দরপত্র দাখিল তথা চুক্তি সম্পাদন হতে বিরত থাকবেন। | সকল ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| ৩.৪॥ | ০৫ টি বিভাগীয় সম্প্রসারণ প্রকল্প [(1) REE-DDP-II (2) REE-CSDP-II (3) REE-RRDP-II (4) REE-KDP-II (5) REE-BDP-II ] ৩০ জুন ২০১৮ খ্রিঃ-এ সমাপ্ত হবে। এ প্রকল্পগুলোর আওতায় মাঠ পর্যায়ের সকল কাজ এপ্রিল ২০১৮ এর মধ্যে সম্পন্ন করাসহ প্রকল্প মেয়াদে সকল বিল গ্রহণ/পরিশোধ নিশ্চিত করতে হবে। | ঠিকাদারী প্রতিষ্ঠান;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/<br>জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>প্রকল্প পরিচালক। |
| ৩.৫॥ | লক্ষ্যমাত্রা অনুসারে লাইন নির্মাণের স্বাভাবিক গতি অব্যাহত রেখে পরিকল্পনা মোতাবেক শতভাগ বিদ্যুতায়নযোগ্য উপজেলাসমূহের কাজে অগ্রাধিকার প্রদান করতে হবে। | ঠিকাদারী প্রতিষ্ঠান;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/<br>জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>প্রকল্প পরিচালক। |
| ৩.৬॥ | প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকগন তাঁদের স্ব-স্ব প্রতিষ্ঠানে কর্মরত সকলকে দুর্নীতির বিরুদ্ধে সচেতন করবেন; প্রয়োজনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| ৩.৭॥ | নিরাপত্তা জামানতের অর্থ অবমুক্তকরণের বিষয়ে পবিস-কে পত্র প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে কোন ত্রুটির বিষয়ে লিখিতভাবে অবহিত করা না হলে Defect Liability Period-উত্তীর্ণের পর পবিস-এর প্রত্যায়ন/ছাড়পত্র ব্যতিরেকে নির্বাহী প্রকৌশলী/ তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ নিরাপত্তা জামানতের অর্থ অবমুক্ত করবেন। | ঠিকাদারী প্রতিষ্ঠান;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/<br>জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>প্রকল্প পরিচালক। |

| সিদ্ধান্ত | | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.৮॥ | লাইন নির্মাণ/ আপগ্রেডেশন কাজের জন্য প্রয়োজনীয় শাট-ডাউন প্রদান নিশ্চিত করতে হবে। পাশাপাশি অল্প শাট-ডাউনে অধিক পরিমান কাজ সম্পাদনের বিষয়টিও নিশ্চিত করতে হবে। | ঠিকাদারী প্রতিষ্ঠান; উপদেষ্টা প্রতিষ্ঠান; সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার; নির্বাহী প্রকৌশলী; তত্ত্বাবধায়ক প্রকৌশলী। |
| ৩.৯॥ | স্থানীয় বৈদ্যুতিক উপদেষ্টা প্রতিষ্ঠানে লোকবলের স্বল্পতাসহ সার্বিক বিষয়ে একটি পৃথক সভা করা হবে। উক্ত সভায় ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোর পক্ষ হতে ১০ জন উপস্থিত থাকবেন। | এসইএন্ডডি পরিদপ্তর; প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর। |
| ৩.১০॥ | নির্মাণ কাজ শেষ হলেও ক্লোজ-আউট সম্পন্ন করা হচ্ছে না; এরূপ চুক্তি/কার্যাদেশের তালিকা ২০.০৭.২০১৭ খ্রিঃ-এর মধ্যে প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তরে দাখিল করতে হবে। | ঠিকাদারী প্রতিষ্ঠান; প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর। |
| ৩.১১॥ | চুক্তির মূল সময়সীমার মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। বিভাগীয়ভাবে সরবরাহতব্য মালামালের ঘাটতি এবং অনিবার্য কারণ ব্যতীত সময়সীমা বৃদ্ধি করা হবে না। | ঠিকাদারী প্রতিষ্ঠান; উপদেষ্টা প্রতিষ্ঠান; সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার; নির্বাহী প্রকৌশলী; তত্ত্বাবধায়ক প্রকৌশলী; |
| ৩.১২ | ঠিকাদারী প্রতিষ্ঠানের উপর আরোপিত শাস্তি প্রত্যাহারের বিষয়গুলো কেস টু কেস পর্যালোচনা করে প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করা যাবে। | প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর। |

৪.০॥ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মেজর জেনারেল মঈন উদ্দিন)
চেয়ারম্যান

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ প্রযোজ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ।

১। সদস্য (অর্থ/প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/ বিতরণ ও পরিচালন/ পবিস ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ)/নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/ প্রকল্প পরিচালক, ইউআরইডিএস: ডিসিএসডি / ১.৫ এমসিসিপি/ ১০০% ডিএনইএস (ডিএমসিএস/ আরআরকেবি), বাপবিবো, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, আরইই-ডিডিপি-২/সিএসডিপি-২/আরআরডিপি-২/কেডিপি-২/ বিডিপি-২/ এসডিপিএন্ডআইডি/ ইউআরআইডিএস (ডিএমসিএস/আরআরকেবি)/৭০,০০০ওএলডিটি/২.৫এমসিসিপি/ প্রি-প্রেমেন্ট ই-মিটারিং/ টিএপিপি, বাপবিবো, ঢাকা।
৪। পরিচালক (এমপিএসএস/এসইএন্ডডি/ সিএসএন্ডএম/ কার্যক্রম পরিকল্পনা/ সিষ্টেম অপারেশন (কেঃঅঃ)/ আইটি/ প্রশিক্ষণ/ পবিস উঃওপঃ (কেঃঅঃ/উঃঅঃ/ দঃঅঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/ সিলেট জোন (গ্রীড ও উপকেন্দ্র/ জেনারেশন এন্ড এনার্জি অডিট)/ বাপবিবো।
৬। নির্বাহী প্রকৌশলী,উপকেন্দ্র নির্মাণ বিভাগ/ গ্রীড এন্ড ট্রান্সমিশন বিভাগ/ সকল প্রকল্প বিভাগ, বাপবিবো।
৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----------------------------------------পবিস-১/২/৩/৪।
৮। স্থানীয় বৈদ্যুতিক উপদেষ্টা প্রতিষ্ঠান, সকল পবিস।
৯। ঠিকাদারী প্রতিষ্ঠান, মেসার্স-----------------------------------------------------------------।